BRGEWA

# বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা

বাড়িঃ ৭৫/এ, রোডঃ ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

**"বিআরজিইডব্লিউএ মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনস্টিক সেন্টারের জন্য Cloud-based Hospital Management Software (HMS) ডিজাইন, ডেভেলপ (তৈরি), বাস্তবায়ন (Deploy) ও কারিগরি সহায়তা প্রদান কাজ" - এর জন্য**

## কোটেশন বিজ্ঞপ্তি

আরএফকিউ নংঃ MED010/2022/Works/01

তারিখঃ ০৫।০৪।২০২৬

BBPA-PW1 (SRFQ)

# বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

## অবসর ভবন

ফোনঃ 222240190, 48122987, 222240189
E-mail: brgewa@gmail.com
www.brgewa.com

স্মারক নং- MED010/2022. ২৬৬ তারিখঃ ০৫/০৪/২০২৫

**"বিআরজিইডব্লিউএ মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনস্টিক সেন্টারের জন্য Cloud-based Hospital Management Software (HMS) ডিজাইন, ডেভেলপ (তৈরি), বাস্তবায়ন (Deploy) ও কারিগরি সহায়তা প্রদান কাজ"- এর জন্য**

## কোটেশন বিজ্ঞপ্তি

কোটেশন নংঃ MED010/2022/Works/01 তারিখঃ

প্রতি,

______________________________

______________________________

______________________________

১. বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হইয়াছে এবং সমিতি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২. আগ্রহী/সম্ভাব্য দরদাতাগণকে দর প্রদানের পূর্বে অভীষ্ট কার্য সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের লক্ষ্যে সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর কার্যালয়ে কাজের বিস্তারিত বিনির্দেশ (Specification) এবং ডিজাইন ও অঙ্কন (Design & Drawings) পরিদর্শন/পর্যবেক্ষণ করিতে উৎসাহ প্রদান করা যাইতেছে।

৩. **মোট এককালীন মূল্য (Lump-Sum)** এর ভিত্তিতে কোটেশন দাখিলের অনুরোধ করা যাইতেছে।

৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫. কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনের জন্য কোনো জামানত যেমন, কোটেশন সিকিউরিটি বা পারফরমেন্স সিকিউরিটির (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হইবে না।

৬. সিলমোহরকৃত খাম বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে ২৫/০৪/২৫ তারিখ সকাল/বেলা/বিকাল ১১:00 ঘটিকায় বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে **"বিআরজিইডব্লিউএ মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনস্টিক সেন্টারের জন্য Cloud-based**

Hospital Management Software (HMS) **ডিজাইন, ডেভেলপ (তৈরি), বাস্তবায়ন (Deploy) ও কারিগরি সহায়তা প্রদান কাজ"** এর জন্য কোটেশন এবং ১৫/০৪/২৬ . তারিখ সকাল/বেলা/বিকাল . ১১:০০. ঘটিকার পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭. ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত কোটেশন ক্রয়কারী কর্তৃক খামবদ্ধ ও সিলমোহরাঙ্কিত করিয়া উপরে উল্লিখিত অনুচ্ছেদ ৬ এ বর্ণিতভাবে চিহ্নিত করিতে হইবে এবং এইভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করিয়া দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯২ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ৭ (সাত) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৯. কাজের Bill of Quantities (BOQ) অনুযায়ী কোটেশন জমা দিতে হবে।

১০. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকিবে।

১১. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহের প্রকাশ্য উন্মুক্তকরণ হইবে না।

১২. যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে উহাতে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সকল ধরনের কর, শুল্ক ও আবগারি, ফি, লেভি এবং আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১৩. দর টাকায় উদ্ধৃত করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, চুক্তিকালীন স্থির অঙ্কে (Fixed) থাকিবে।

১৪. দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর/ব্যবসা সনাক্তকরণ নম্বর (BIN) এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ যাতে ন্যূনতম বিডিটি (অনুমানিক ব্যয়ের ৩০%-৫০% সমপরিমাণ অর্থ) তরল সম্পদের হিসেবে প্রদর্শিত থাকবে- এর অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৫. মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৬. একক দর (unit-rate) ভিত্তিক কোটেশনে একক দর ও মোট দর এর মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। এককালিন মোট মূল্য (Lump-sum) ভিত্তিক কোটেশনে কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

১৭. দরদাতাগণের প্রস্তাবিত মূল্য ক্রয়কারী কর্তৃপক্ষের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ (Responsive) হলে, তা ২০২৫ সালের সরকারি ক্রয় বিধিমালা (Public Procurement Rules, 2025)-এর বিধি ২৫ ও ২৬ অনুসারে SLT (Significantly Low-priced Tender) হিসেবে পরীক্ষা করা হবে।

১৮. কার্য-সম্পাদন শুরুর তারিখ হইতে কম/বেশি ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কাজ সম্পন্ন করিতে হইবে।

১৯. অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে (অনধিক ৩ দিন) সফল দরদাতাকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র জারি করা হবে। আমন্ত্রণপত্র জারির ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে (অনধিক ৫ কার্যদিবস) চুক্তি স্বাক্ষর করতে হবে।

২০. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করে।

মোঃ ইসমাইল হোসেন
(সাবেক অতিরিক্ত সচিব)
প্রশাসক
বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। পরিচালক (স্বাস্থ্যসেবা ও কল্যাণ/প্রশাসন ও অর্থ), বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।
২। সিনিয়র কনসালটেন্ট প্যাথলজিস্ট, চিকিৎসাকেন্দ্র, বা.অ.স.ক.ক সমিতি।
৩। সংশ্লিষ্ট কর্মকর্তা, ধানমন্ডি বিক্রয়কেন্দ্র, বিমান বাংলাদেশ এয়ালাইন্স (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)।
৪। কম্পিউটার টেকনিশিয়ান, বিআরজিইডব্লিউএ (সমিতির ওয়েবসাইটে আপলোডের নির্দেশ সহকারে)।
৫। সমিতি কার্যালয়ের নোটিশ বোর্ড।
৬। সংশ্লিষ্ট বিক্রয়কারী/প্রস্তুতকারী/সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ।
৭। দাপ্তরিক নথি।

কোটেশন দাখিলপত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

আরএফকিউ নম্বর : MED010/2022/Works/01 তারিখ : দিন/ মাস/ বৎসর

প্রতি,

প্রশাসক

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

বাড়ি: ৭৫/এ, রোড: ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, চুক্তির শর্তাবলি অনুসারে **বিআরজিইডব্লিউএ মেডিকেল কনসালটেন্সি এন্ড ডায়াগনস্টিক সেন্টারের জন্য Hospital Management Software (HMS) ডিজাইন, ডেভেলপ (তৈরি), বাস্তবায়ন (Deploy) ও কারিগরি সহায়তা প্রদান কাজ** সম্পাদনের জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা উহা মানিতে বাধ্য থাকিব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/আমরা চুক্তির শর্তাবলীর অনুচ্ছেদ- ২৮(ঙ) এ উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির অধিক কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, আপনার প্রেরিত আমন্ত্রণপত্র আমাদের উপর একটি আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরের বাধ্যবাধকতা আরোপ করবে।

আমি/আমরা ..................... তারিখে আপনাদের জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

Signature of Quotationer with
Seal
Date:

# Bill of Quantities (BoQ)

## *Lump-sum Basis*

**Name of Work:**

Design, Development, Supply, Installation, Customization, Testing, Commissioning and Implementation of **Cloud-Based Hospital Management Software (HMS)** for BRGEWA Medical Consultancy & Diagnostic Center.

| Item No. | Description of Items of Works (Detailed Specifications Built-in) | | Unit | Quantity | In Figures | In Words |
|---|---|---|---|---|---|---|
| 1 | **Design, Development, Supply, Installation, Customization, Data Migration (if required), Testing, Commissioning and Implementation of Complete Cloud-Based Hospital Management Software (HMS)** including all modules and features mentioned below, fully functional, integrated and ready for operational use:** | | | | | |
| | **Administration** | • Create/Add User<br>• Service Add<br>• Company Information<br>• Making Roles & Permission<br>• Global Setup<br>• Password Change<br>• Menu Distribution<br>• Voucher Edit Permission<br>• and Others. | Lot | 1 | | |
| | **Front Desk / OPD/Reception Module** | • Member/Patient /Spouse registration with Details Information and photo.<br>• Realtime Age Calculation (Day, Month and Year)<br>• Notification: Membership Expiry, Available New Reports etc.<br>• QR Generation and Authentication<br>• Unique patient ID generation<br>• Patient search by ID, name, phone number, etc.<br>• Patient profile management<br>• OPD Billing<br>• Patient Report Collection<br>• Sample Collection Sticker Printing<br>• Report Delivery System<br>• **Member Package Eligibility Validation:**<br>• Restricts further free tests once limit is consumed<br>• Alerts reception with status: Eligible/Already used/Not a member. | Lot | 1 | | |

<table>
<tr><th>Item No.</th><th colspan="2">Description of Items of Works (Detailed Specifications Built-in)</th><th>Unit</th><th>Quantity</th><th>In Figures</th><th>In Words</th></tr>
<tr><td colspan="7"><u>নোট:</u><br>ক) যদি কোন ভুল তথ্য এন্ট্রি করা হয় সেক্ষেত্রে Edit করার ব্যবস্থা থাকতে হবে। তবে এজন্য সর্বোচ্চ ১০ (দশ) মিনিট সময় বরাদ্দ রাখতে হবে। এ সময় অতিক্রান্তের পর যদি কোন রোগী ভুল সংশোধন করতে আসেন তবে তাকে Admin-এর সাহায্য নিতে হবে।<br>খ) যে কোন ছোট/বড় ধরণের তথ্য এডিটের ক্ষেত্রে অবশ্যই এডমিন/পরিচালক (স্বাস্থ্য সেবা ও কল্যাণকে নোটিফিকেশন প্রেরণের মাধ্যমে অবহিত করার ব্যবস্থা করতে হবে।<br>গ) এক আইডি ব্যবহার করে একাধিক রোগীর তথ্য যেন এন্ট্রি না করা যায়, সে ব্যবস্থা থাকবে হবে ।<br>ঘ) দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক প্রতিবেদন (রোগীর নাম, মোবাইল নম্বর, মেম্বার আইডি, সেবার তথ্যাবলী ইত্যাদি তথ্যসহ) প্রস্তুতকরণ ও প্রিন্ট করার ব্যবস্থা থাকতে হবে।<br>ঙ) সমিতির সদস্যদের ন্যায় Spouse-এর যাবতীয় তথ্য সম্বলিত ফরম প্রস্তুত থাকবে।<br>চ) সদস্য ও তাদের Spouse একই আইডিতে সেবা গ্রহণ করলেও Spouse-এর জন্য স্বতন্ত্র পোর্টাল তৈরি করতে হবে।<br>ছ) মেম্বার/রোগীর তথ্য QR Code স্ক্যানিং এর মাধ্যমে ভ্যারিফাই এর ব্যবস্থা থাকতে হবে।<br>জ) দ্বৈত মনিটর সংযোজনের ব্যবস্থা করতে হবে।</td></tr>
<tr><td></td><td>Pathology Test Module</td><td>System must support structured and template-based reporting for:<br>• Laboratory Information System (LIS)<br>• SMS (Online Report)<br>• Reagent Management:<br>  o Reagent Inventory<br>  o Stock Level Monitoring<br>  o Automated alerts for upcoming and expired reagents.<br>  o Barcode/QR Code Integration<br>  o Reporting and Analytics<br>  o Alert and Notification System: The system shall provide alerts for expiry, low stock, and abnormal usage.<br>• Custom LAB Report Template</td><td>Lot</td><td>1</td><td></td><td></td></tr>
<tr><td colspan="7"><u>নোট:</u><br>ক) Online reporting system সফটওয়্যার হতে পেরিত সকল এসএমএস নিখুঁতভাবে দেখার ব্যবস্থা করত হবে, যেন তা সকল মোবাইলে সাপোর্ট করে।<br>খ) সফটওয়্যার হ্যাকিং এড়াতে Clinical Management সফটওয়্যারের সিকিউরিটির শক্তিশালী ব্যবস্থা থাকতে হবে, শতভাগ অনলাইন ভিত্তিক সফটওয়্যার হলেও যেন হ্যাকিংহওয়ার সম্ভাবনা না থাকে।<br>গ) সফটওয়্যার ক্লাউডে পরিচালনা ও ডাটা সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।<br>ঘ) Central Monitoring System: এডিমন/পরিচালক মহোদয়গণ যেন Clinical Management, Reagent Management, Accounts Management, Library Management এবং Inventory Management সফটওয়্যারের সকল বিষয়াদী নিয়ন্ত্রণ করতে পারেন, তার ব্যবস্থা থাকতে হবে ।</td></tr>
</table>

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

<table>
<tr><th>Item No.</th><th colspan="2">Description of Items of Works (Detailed Specifications Built-in)</th><th>Unit</th><th>Quantity</th><th>In Figures</th><th>In Words</th></tr>
<tr><td></td><td>Imaging & Diagnostic Reporting Module</td><td>• X-Ray Reporting<br>• USG Reporting<br>• Echo Reporting<br>• Template-based Reporting<br>• Investigation Sticker Printing</td><td>Lot</td><td>1</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>Asset Management</td><td>• Asset Registration & Categorization<br>• Asset Assignment & Ownership<br>• Purchase & Warranty Information<br>• Maintenance & Service Scheduling<br>• Alerts & Notifications (maintenance, expiry, etc.)</td><td>Lot</td><td>1</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>Inventory/ Store Management</td><td>• Dashboard<br>• Requisition<br>• Receiving Issue<br>• Goods Issue Department<br>• Item Category<br>• Department Entry<br>• Stock Position by Rack and Category<br>• Product Ledger<br>• Re-order Level<br>• Return to Supplier<br>• Purchase Statement & Register (Category and Product-wise)</td><td>Lot</td><td>1</td><td></td><td></td></tr>
<tr><td colspan="7"><u>নোট:</u><br>ক) প্রত্যহ কি পরিমাণ রিএজেন্ট মেশিনে Insert/আপলোড করা হচ্ছে, কতটুকু খরচ হচ্ছে এবং টেষ্ট কতগুলো হচ্ছে তার হিসাব-নিকাশ এডমিন/পরিচালক/ইউজার দেখা ও প্রিন্ট করার ব্যবস্থা থাকতে হবে।<br>খ) রিএজেন্ট মেশিনে আপলোড করার সাথে সাথে এডমিন প্যানেলে স্বয়ংক্রিয়ভাবে নোটিফিকেশন পাঠানোর ব্যবস্থা করতে হবে।<br>গ) দৈনিক QC Calibration এবং প্রয়োজনে Maintenance কার্যক্রম চলাকালীন মেশিন কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে ব্যবহৃত (Consume) রিএজেন্টের পরিমাণের সঠিক ও নির্ভরযোগ্য হিসাব সংরক্ষণ ও নির্ণয়ের ব্যবস্থা থাকতে হবে।</td></tr>
<tr><td></td><td>Accounts & Finance Module</td><td>• Voucher Entry<br>• Chart of Accounts<br>• Cash Book<br>• Bank Book<br>• JV Book<br>• Subsidiary Ledger<br>• General Ledger<br>• Trial Balance<br>• Income Statement<br>• Balance Sheet<br>• MIS Reports (Cash & Consolidated)<br>• Cheque Register<br>• Voucher Edit Log<br>• Voucher Audit Trail<br>• FDR Details<br>• Bank Reconciliation<br>• Accounts Receivable<br>• Accounts Payable</td><td>Lot</td><td>1</td><td></td><td></td></tr>
</table>

| Item No. | Description of Items of Works (Detailed Specifications Built-in) | | Unit | Quantity | In Figures | In Words |
|---|---|---|---|---|---|---|
| | **HRM & Payroll Module** | • Daily & Monthly Attendance (Details/Summary).<br>• Leave Management: Leave Application, Approval Workflow and Reports.<br>• Monthly Salary Sheet<br>• Employee Pay Slips<br>• Salary Bank Advice<br>• PF Policy & Rule Setup<br>• Enrolment & Ledger<br>• Monthly Posting, PF Loans & withdrawals<br>• **Employee Profile:** Complete Profile with IDs, Contact Details, Employment History, Documents, Work Assignments and Photo. | Lot | 1 | | |
| | **Library Management System** | • **Cataloguing Module:** Add, update, search books, and manage categories.<br>• **Circulation Module:** Issue/return books, calculate fines, and track transactions.<br>• **Reports & Analytics:** Generate reports on transactions, popular books, and member activities.<br>• **Location System:** Provide rack and shelf-based book location guidance.<br>• **Online Public Access Catalogue (OPAC):** Enable members to search and check item availability online.<br>• **Search Option:** Quick search for books and resources by title, author, ISBN, category, or keywords.<br>• **Inventory and Stock Management:** Book availability, damaged or lost items, and overall stock levels.<br>• **Notifications and Alerts:** SMS or email alerts for due dates, overdue items, and availability of reserved items. | Lot | 1 | | |

| Item No. | Description of Items of Works (Detailed Specifications Built-in) | | Unit | Quantity | In Figures | In Words |
|---|---|---|---|---|---|---|
| | **Training Requirements** | The Contractor must provide training for:<br>• Admin users<br>• Accounts staff<br>• Laboratory staff<br>• HR staff<br>• Front Desk users<br>Training must include:<br>• System operation<br>• Report generation<br>• Backup and restore | Lot | 1 | | |
| | **Warranty Requirements** | The Contractor shall provide:<br>• Minimum 02 (two) years warranty<br>• Bug fixing and technical support during the warranty period<br>• System maintenance support | Lot | 1 | | |
| | **Annual Maintenance Contract (AMC) (Optional)** | The Contractor shall offer:<br>• AMC support for an additional 2 years after the warranty period<br>• Technical support<br>• Bug fixing<br>• Minor enhancement<br>• System maintenance<br>**AMC shall be quoted separately.** | Lot | 1 | | |

# Specifications

## *Technical Specification and Compliance Requirements*

**Cloud-Based Hospital Management Software (HMS)**

The Contractor shall design, develop, supply, install, configure, test, commission and implement a complete Cloud-Based Hospital Management Software (HMS) system, including all modules and features described in the BoQ. The system must comply with the following mandatory technical requirements:

## 1. Technology Stack Requirements

The Hospital Management System (HMS) shall be developed using an enterprise-grade, secure, and scalable web application development platform.

**The preferred technology stack is:**

- Oracle Application Express (Oracle APEX), version 22.x or higher (including 23.x, 24.x or latest stable version)
- SQL and PL/SQL programming language
- Oracle Database 19c or higher

OR Equivalent Enterprise Technology Stack, such as:

**Backend (Any one or equivalent)**

- C# (ASP. NET Core) / Java (Spring Boot)/ PHP (Laravel) / Python (Django) / Node.js / Next.js
- Rest API / Web API
- For Database: MS SQL / MySQL.

**Frontend**

- HTML5
- CSS3
- JavaScript
- Modern Framework (Angular / React / Bootstrap / Axios (For API call) / Vue or equivalent)

**Database System**

The system shall use a robust enterprise-level Relational Database Management System (RDBMS).

Minimum requirements:

- Oracle Database 19c or higher
- Support for:
    - SQL
    - PL/SQL stored procedures
    - Functions
    - Packages
    - Triggers
    - Views

The database must ensure:

- Data integrity
- High performance
- Backup and recovery capability
- Secure access control

Equivalent enterprise-grade platforms may be acceptable, provided that they offer similar security, performance, scalability, and database integration capability.

The use of obsolete technologies (such as MS Access, a desktop-only system, or unsupported frameworks) shall not be acceptable.

## 2. Application Architecture

2.1 The system shall follow a secure multi-tier architecture consisting of:

- Presentation Layer (Web-based User Interface)
- Application Layer (Business Logic)
- Database Layer (Oracle Database)

2.2 The system must support:

- Role-based access control
- Secure authentication and authorization
- Session management
- Data protection and secure communication

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

## 3. Compatibility and Deployment

The system shall be deployed on a **secure cloud server** environment managed by the Contractor or cloud service provider. The Contractor shall provide complete setup, configuration, deployment, and operational support.

3.1 The cloud infrastructure must ensure:

- 24/7 system availability
- Secure data storage
- Automatic backup facility
- Disaster recovery capability
- Secure remote access through a web browser

3.2 The Contractor must:

- Install the system
- Configure database
- Configure users and roles
- Deploy the system to the server
- Ensure full operational readiness

The system must be accessible through standard web browsers without requiring installation on client computers. The system must be scalable for future expansion without requiring a complete redesign.

3.3 Database Backup and Data Protection:

The Contractor shall configure and maintain database backups on both the cloud server and the designated local storage device at the hospital premises. The Contractor shall provide necessary technical support for backup configuration, monitoring, and restoration throughout the entire warranty period. All backup data shall remain under full ownership and control of the Procuring Entity.

## 4. Source Code and System Ownership

4.1 The Contractor must provide full ownership of the system, including:

- Complete Source Code
- Database Schema
- API Documentation
- System Architecture Documentation
- Installation Guide
- User Manual
- Admin Manual

4.2 Source code must be delivered in:

- Soft copy (USB / External drive)
- Structured project format

4.3 The Procuring Entity shall have full perpetual ownership and rights to:

- Use
- Modify
- Maintain
- Upgrade

No license restriction shall apply.

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

4.4 The Contractor must provide a complete handover of the system, including:
- Oracle APEX application or MS SQL/MySQL export files
- Database schema
- Tables, views, indexes
- Stored procedures
- Functions
- Packages
- Triggers
- Installation and deployment scripts
- System documentation

4.5 System Installation and Reinstallation Rights:

The Procuring Entity shall have the right to reinstall and operate the system independently using the provided source code and documentation without requiring vendor permission.

## 5. Vendor Exit and Transition Support

The Contractor shall provide necessary technical support, documentation, and assistance to ensure smooth transition and continued operation of the Hospital Management System (HMS) in case of contract completion, expiration, termination, or transfer of system maintenance to another service provider.

5.1 The Contractor shall ensure that:
- Full access to the system, source code, database, and documentation is provided to the Procuring Entity
- No restriction is imposed on system operation or data access
- Necessary technical guidance is provided for system reinstallation, migration, or maintenance
- System shall remain fully functional, independent of Contractor support

The Contractor shall not implement any technical or licensing restriction that prevents the Procuring Entity from independently operating, maintaining, or modifying the system.

**5.2 No Vendor Lock-in:**

The Contractor shall not implement any mechanism that restricts system access, source code access, or database access after completion of the contract.

## 6. Performance Requirement

6.1 The system must support:
- Multi-user simultaneous access
- Multi-department operations
- Concurrent user sessions (minimum 25 concurrent users)
- Scalable architecture to support future expansion
- Efficient database performance and Fast response time for transactions and reports

under normal operational load without performance degradation. The system shall be scalable to support future increases in concurrent users.

## 7. Security Requirements

The system must include the following security features:

7.1 Role-Based Access Control (RBAC)
- User roles must be configurable
- Access must be restricted based on roles

7.2 Admin Full Control:

The Procuring Entity shall have full administrative control over the system, including user management, backup management, and configuration.

7.3 Authentication Security:

- User authentication (Username and Password)
- Unique User ID and Password
- Password encryption
- Password change facility

7.4 The system must support HTTPS secure communication.

7.5 Data Security:

- Encrypted database storage
- Secure login session management
- Protection against unauthorized access

7.4 Audit Trail
System must log:

- Login and logout activities
- Record creation
- Record modification
- Record deletion
- Financial transaction changes

Audit log must not be editable by normal users.

7.5 System Error Logging:

- The system must maintain system error logs for troubleshooting.

## 8. User Activity Log Access

The system must provide authorized administrative users with access to system audit logs and activity reports. The Procuring Entity shall have full access to view, export, and retain audit logs at any time without requiring vendor intervention.

## 9. Database Requirements

9.1 Centralized Database System

9.2 Must support:

- Data integrity constraints
- Backup and restore
- High reliability

9.3 Database must support the minimum:

- 10 years of data storage capability

## 10. Backup and Restore Requirements

10.1 System must include an automatic backup facility

10.2 Backup types must include:

- Manual backup
- Scheduled automatic backup

10.3 Backup Status Monitoring

- The system must display backup status and backup history to admin users.

10.3 Backup must support:

- Full backup
- Restore from backup

10.4 Backup must be storable in:

- Local disk
- External storage
- Network storage

## 11. Reporting Requirements

11.1 The system must provide comprehensive reporting including:

- Patient reports
- Laboratory reports
- Financial reports
- Pharmacy reports
- Inventory reports

- Accounts reports
- HR and Payroll reports
- MIS reports

11.2 Reports must support:

- PDF export
- Excel export

Print option

11.3 Reports must support:

- PDF export
- Excel export
- Print option

## 12. Compliance Requirement

12.1 The Contractor must ensure:

- Complete functional system delivery
- Compliance with all specifications
- Full operational readiness

An incomplete or partially functional system shall be treated as non-compliant.

## 13. Completion Timeline Requirement

13.1 The Contractor must complete full implementation within:
**Maximum 45 (Forty-five) working days** from Contract signing or agreed project schedule.

## 14. Acceptance Criteria

14.1 Final acceptance shall be based on:

- Successful installation
- Functional testing
- User acceptance
- System operational readiness
- Approval of the authority

## 15. Defect Liability Period

1.1 Minimum: **12 months**

* একককালীন (Lump-sum) চুক্তির মূল্য স্থির থাকবে এবং কোনো অবস্থাতেই তা সমন্বয় করা যাবে না।

আমি/আমাদের দ্বারা এই পরিমাণ বিবরণীর (Bill of Quantities) ......... টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হইয়াছে।
আমার/আমাদের প্রস্তাব ............... তারিখ পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন।]

দরদাতার সীলসহ স্বাক্ষর
তারিখঃ

নোটঃ

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী কর্তৃক এবং কলাম ৫ ও ৬ দরদাতা (Quotationer) কর্তৃক পূরণযোগ্য।

# চুক্তির সাধারণ শর্তাবলী

১. এই চুক্তিতে অন্তর্ভুক্ত সকল শর্তাবলী চুক্তির বাস্তবায়ন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে উভয় পক্ষের জন্য বাধ্যতামূলক হবে।

২. সাধারণভাবে এই চুক্তির শর্তাবলীর বাস্তবায়ন ও ব্যাখ্যা বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর আওতাভুক্ত থাকবে।

৩. ঠিকাদারকে চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ থেকে **৫ (পাঁচ)** কার্যদিবসের মধ্যে কাজ শুরু করতে হবে এবং চুক্তির সকল বিধান অনুযায়ী **৪৫ (পঁয়তাল্লিশ)** কার্যদিবসের মধ্যে কাজ সম্পূর্ণ করতে হবে।

৪. ঠিকাদারকে অবিলম্বে কাজের সকল ধাপ ও কার্যক্রমের সময়সূচি উল্লেখ করে একটি কাজের কর্মসূচি (Programme of Works) ক্রয়কারী নিকট দাখিল করতে হবে।

৫. কাজ হস্তান্তরে ক্রয়কারী বিলম্ব, অপ্রতিরোধ্য/অনিবার্য পরিস্থিতি (Force Majeure) অথবা যথাযথভাবে নথিভুক্ত ও ক্রয়কারী কর্তৃক গ্রহণযোগ্য অন্য যে কোনো যুক্তিসঙ্গত কারণে ঠিকাদার কাজ সমাপ্তির নির্ধারিত সময়সীমা বৃদ্ধির দাবি করতে পারবে।

৬. প্রযোজ্য আইন অনুযায়ী সকল প্রকার কর, শুল্ক, ফি, লেভি ও অন্যান্য দায় পরিশোধের সম্পূর্ণ দায়িত্ব ঠিকাদারের ওপর ন্যস্ত থাকবে।

৭. অন্য যে কোনো প্রচলিত রীতি সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি ও পরিশোধ ব্যবস্থা সংশ্লিষ্ট বিল অব কোয়ান্টিটিজ অনুযায়ী চুক্তির ধরন অনুসারে নিম্নরূপ হবে—

মোট এককালীন দর (Lump-sum) এর ভিত্তিতেঃ

Bill of Quantities (BoQ) এ বর্ণিত কাজ পুরোপুরি সম্পন্ন হওয়ার পর ক্রয়কারী সত্তা কর্তৃক প্রত্যয়ন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। মোট চুক্তি মূল্যের ৫% (পাঁচ শতাংশ) রিটেনশন মানি হিসেবে কর্তন করা হবে, যা ক্রটি দায়কালীন সময় (Defect Liability Period) যেকোন উত্থাপিত দাবি নিষ্পত্তিতে ব্যবহৃত হবে এবং ওয়ারেন্টি পিরিয়ড (০২ বছর) পর ফেরত প্রদান করা হবে।

৮. ঠিকাদারের প্রদত্ত দর বা মূল্যে মুনাফা, ওভারহেড অন্তর্ভুক্ত থাকবে এবং প্রযোজ্য আইন অনুযায়ী সকল প্রকার কর, শুল্ক, ফি ও অন্যান্য চার্জ পরিশোধ করতে হবে।

৯. মোট চুক্তিমূল্য হবে [অঙ্কেঃ . . . . . . . . . . . . . ./-] (কথায়ঃ . . . . . . . . . . . . . . . . . . . . .) টাকা।

১০. পরিবর্তনাদেশের আওতাধীন কাজ (এককালীন/Lump-sum ব্যতীত) কোনো অবস্থাতেই চুক্তিমূল্যের ১০% অতিক্রম করতে পারবে না; যা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ৯০(১) ও ৯০(৬)(ক) ও (গ) অনুযায়ী প্রযোজ্য হবে।

১১. প্রয়োজনে বিধি অনুসারে অনুমোদিত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে ক্রয়কারী চুক্তি সংশোধন করতে পারবে।

১২. চূড়ান্ত পরিশোধের জন্য ঠিকাদারের আবেদনের তারিখ হতে চৌদ্দ (১৪) দিনের মধ্যে, প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিধি উল্লেখপূর্বক, ক্রয়কারী ক্রটি সংশোধনের জন্য নোটিশ জারি করতে পারবে।

১৩. ক্রয়কারীর পক্ষ থেকে অবহিত করা সকল ত্রুটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটি দায়কাল (Defects Liability Period) বর্ধিত হতে পারে।

১৪. নির্ধারিত সময়ে ত্রুটি সংশোধন না করলে ক্রয়কারী সত্তা নিজে তা সংশোধন করে ব্যয় নির্ধারণ করতে পারবে এবং সেই ব্যয় পরিশোধে ঠিকাদার দায়বদ্ধ থাকবে।

১৫. কাজ সম্পাদনকালে যেকোনো ধরনের দাবি/অভিযোগ এবং ঠিকাদারের নিজের, তার শ্রমিক বা কর্মচারীর, ক্রয়কারীর কোনো কর্মচারীর কিংবা কোনো তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতি বা প্রাণহানি সংক্রান্ত দায় থেকে ঠিকাদার ক্রয়কারীকে দায়মুক্ত রাখতে বাধ্য থাকবে। কাজ বাস্তবায়নকালে উদ্ভূত যেকোনো দাবি/অভিযোগ ঠিকাদার নিজ খরচ ও দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. কাজ শুরু থেকে ত্রুটি দায়কাল শেষ হওয়া পর্যন্ত কাজ বা উপকরণের ক্ষয়ক্ষতি ঠিকাদারের কার্য বা অবহেলার কারণে হলে তা নিজ খরচে সংশোধন করতে হবে।

১৭. নিম্নোক্ত ক্ষেত্রে ক্রয়কারী লিখিত নোটিশের মাধ্যমে চুক্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করতে পারবে—

ক. ঠিকাদার যদি নির্ধারিত সময়ে চুক্তি স্বাক্ষর বা কাজ শুরু করতে ব্যর্থ হয়; অথবা

খ. যদি ঠিকাদার কর্ম-পরিকল্পনা অনুযায়ী কাজের সন্তোষজনক অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়; অথবা

গ. ঠিকাদার স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে; অথবা

ঘ. ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পরও ঠিকাদার তাতে নির্ধারিত সময়ের মধ্যে ত্রুটি সংশোধন না করলে; অথবা

ঙ. ক্রয়কারীর দৃষ্টিতে ঠিকাদার যদি প্রতিযোগিতা কিংবা কার্য সম্পাদনের ক্ষেত্রে দুর্নীতি, প্রতারণা, যোগসাজশ, জবরদস্তি বা প্রতিবন্ধক আচরণে লিপ্ত হয়; অথবা

চ. ঠিকাদার চুক্তির অন্য যেকোন বাধ্যবাধকতা পালন না করলে; অথবা

ছ. ঠিকাদার যদি পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯-এ বর্ণিত আচরণে জড়িত হয়।

১৮. ধারা ২৮ অনুযায়ী চুক্তি বাতিল হলে অসম্পন্ন কাজের জন্য ঠিকাদার ক্রয়কারীকে সংশোধিত দাপ্তরিক প্রাক্কলনের **২৫ শতাংশ** হারে জরিমানা দিতে বাধ্য থাকবে। যা অসম্পন্ন কাজ সম্পূর্ণ করতে ক্রয়কারীর অতিরিক্ত ব্যয়িত অর্থ হিসেবে গণ্য হবে।

১৯. **ক্রয়কারী এবং ঠিকাদার উভয় পক্ষই তাদের সর্বোত্তম চেষ্টা করবে এই চুক্তি বা এর ব্যাখ্যা সংক্রান্ত যেকোনো সম্ভাব্য বিরোধ সমঝোতার মাধ্যমে সমাধান করার জন্য।**

২০. **ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬-এর ধারা ৬৪ এবং পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯-এর দুর্নীতি, প্রতারণা, যোগসাজশ, জবরদস্তি বা প্রতিবন্ধকতা সংক্রান্ত বিধান সম্পর্কে অবগত ও তা মানতে বাধ্য থাকবে।**